



# বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন



পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২১-১৪২০ (৫)

তারিখ : ২৮/১২/২০২১

## ইয়েস গার্লস্ মুভমেন্ট ন্যাশনাল টাঙ্ক ফোর্স টিম বাংলাদেশ-এর বার্ষিক সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত

ইয়ুথ এক্সচেঞ্জ সাউথ টু সাউথ (ইয়েস) গার্লস্ মুভমেন্ট হলো বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস্ সংস্থার (ওয়াগ্‌স) একটি আন্তর্জাতিক এক্সচেঞ্জ প্রোগ্রাম। ২৭ ডিসেম্বর, ২০২১, সোমবার সন্ধ্যা ৬:০০ টায় বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয় গাইড অডিটোরিয়ামে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর উদ্যোগে ইয়ুথ এক্সচেঞ্জ বোথ টু সাউথ (ইয়েস) গার্লস্ মুভমেন্ট ন্যাশনাল টাঙ্ক ফোর্স টিম বাংলাদেশ-এর বার্ষিক সমাপনী অনুষ্ঠান 'কানেক্ট টু ইয়েস' অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, প্রধান অতিথি ছিলেন। বিশেষ অতিথি ছিলেন কান্দি কো-অর্ডিনেটর, ইউনাইটেড নেশনস বাংলাদেশ, জনাব আক্তার উদ্দিন। এসোসিয়েশনের ডেপুটি জাতীয় কমিশনার সাবিনা ফেরদৌস (প্রশাসন) ও প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ (প্রোগ্রাম) শুভেচ্ছা বক্তব্য দেন।

ইয়েস গার্লস্ মুভমেন্ট, ২০২১-এর একবছরব্যাপী প্রজেক্টে ন্যাশনাল টাঙ্ক ফোর্স হিসেবে ছিলেন ২৫জন রেঞ্জার। তাদের তত্ত্বাবধানে গার্ল গাইডের সকল অঞ্চল হতে ২৫০জন রেঞ্জার দিনব্যাপী অনুষ্ঠিত একাধিক কর্মশালায় অংশগ্রহণ করেন। রেঞ্জারদের পাঁচটি দলে ভাগ করে লিডারশীপ মাইন্ডসেট, রি ইউজিবল প্যাড মেকিং, দূষণ ফ্রি ভিশন বোর্ড, মাস্ক মেকিং, কোভিড অ্যাওয়ারেনেস ক্যাপাসিটি বিল্ডিং, অনলাইন কনটেন্ট ক্রিয়েশন সহ আরো অনেক বিষয়ের কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে তামরিন আফরোজকে কান্দি কো-অর্ডিনেটর-এর স্বীকৃতি সম্মাননা ও মুবান্বিরা উদ্দিন ঈশীকাকে ইয়েস এলামনাই রিকগনিশন (ব্যাক টু মাই রুট ক্যাম্পেইন) অ্যাওয়ার্ড তুলে দেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। এ ছাড়া ন্যাশনাল টাঙ্ক ফোর্স-২০২১-এর টিম লিডার ও টিম মেম্বারদের সম্মাননা ও সেরা দল সম্মাননা প্রদান করা হয়। শেষে ট্যাপস্ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।



স্বাক্ষরিত/-  
সাবিনা বেগম  
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা